স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (ষষ্ঠ পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) ট্র্যাজেডি ও মেলোড্রামার স্বরূপ বৈশিষ্ট্যের আলোকে 'নীলদর্পণ' নাটক ট্র্যাজেডি না মেলোড্রামা—তা বিচার করুন। ২০

খ) 'রথের রশি' নাটকের সংলাপ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন। ২০

গ) 'নবান্ন' নাটকের 'শেষ দৃশ্য'-এর তাৎপর্য বিচার করুন। ২০

ঘ) অতিপ্রাকৃত গল্প বলতে কী বোঝায়? ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্পগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ৪+৮+৮=২০

ঙ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বাগবাজার নাট্যসমাজ এবং সাধারণ রঙ্গমঞ্চে গিরিশচন্দ্র ঘোষ ও অমৃতলাল বসুর অবদান সম্পর্কে সম্যক ধারণা ব্যক্ত করুন। ২০

চ) বাংলা প্রবন্ধ সাহিত্যের উৎপত্তি ও বিকাশের ধারা বর্ণনা করে যে-কোনো একজন বাঙালি প্রাবন্ধিকের রচনাবৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ৬+৬+৮=২০

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) 'নীলদর্পণ' নাটকের দোষ-গুণ বিচার করুন।

খ) 'রথের রশি' নাটকের নামকরণের তাৎপর্য বুঝিয়ে দিন।

গ) 'নবান্ন' বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল।—এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে আপনার অভিমত ব্যক্ত করুন।

ঘ) সংজ্ঞা ও লক্ষণসহ একাঙ্ক নাটকের পরিচয় দিন। প্রসঙ্গত; একটি বাংলা একাঙ্ক নাটকের নাম ও বিষয়বস্তু সংক্ষেপে লিখুন।

ঙ) কাব্যধর্মী উপন্যাসের লক্ষণ-বৈশিষ্ট্য আলোচনা করে, যে-কোনো একটি কাব্যধর্মী উপন্যাস সম্পর্কে আলোচনা করুন।

চ) সনেটের সংজ্ঞা ও উদাহরণসহ আলোচনা করুন।

ছ) ভাবকেন্দ্রিক গীতিকবিতার শ্রেণিবিভাগ উদাহরণসহ বুঝিয়ে লিখুন।

জ) ছোটোগল্পের সংজ্ঞা উল্লেখ করে বাংলা সাহিত্যে সার্থক ছোটোগল্প লেখক হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করুন।

ঝ) কমেডি ও প্রহসনের মধ্যেকার পার্থক্য দৃষ্টান্তসহ আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) মধুসূদনের দুখানি প্রহসনের পরিচয় দিন।

খ) 'বাংলা সাহিত্যে ছোটোগল্পের জন্মভূমি সাময়িক পত্রিকাগুলি'—মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

গ) সংক্ষিপ্ত আলোচনা করুন ঃ

হেরাসিম লেবেডফ, হিন্দু থিয়েটার, রত্নাবলী।

ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়-এর অতিপ্রাকৃত গল্পগুলির বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

ঙ) "ভারতের প্রাচীনতম সাহিত্যে নাটকের আদিমতম রূপের উল্লেখ আছে।"—মন্তব্যটি বুঝিয়ে লিখুন।

চ) সাংকেতিক ও প্রতীকধর্মী গল্পের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করুন।

ছ) তন্ময় কবিতা কী? কী কী ধরনের তন্ময় কবিতা দেখা যায়?

জ) "এ পোড়া মাটির দেশে আর থাকব না।"—বক্তা কে? 'পোড়া মাটির দেশ' বলতে কী বুঝিয়েছেন?

ঝ) বাংলা নাট্যশালার সমৃদ্ধিতে অমৃতলাল বসুর মূল্যায়ন করুন।

ঞ) শিশুপাঠ গল্পের বৈশিষ্ট্য ও বিকাশের ধারার উদাহরণসহ উল্লেখ করুন।

ট) অর্থ লিখুন ঃ ঝরকা, কসম, কবুল, কসুর, নোনাফেনা, কুড়ো।

ঠ) ভারতীয় গণনাট্য সঙ্ঘের সূচনাপর্বের সংক্ষিপ্ত পরিচয় দিন।

ড) যাত্রাভিনয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।